বিএনপির সরকার পতনের হুংকার নিয়ে জনগণ এখন হাসে- হানিফ

আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ বলেছেন, বিএনপির সরকার পতনের আহ্বান এবং হুংকার নিয়ে জনগণ এখন হাসে। সরকার পতনের সক্ষমতা বিএনপির নেই।

তিনি বলেন, গত ১০ বছর ধরে বিএনপি অজস্রবার বলে আসছে এ কথা। শুধু কর্মীদের টিকিয়ে রাখার জন্য তারা এসব বলে। বিএনপি বা অন্যকোনো দলের আওয়ামী লীগ সরকারের পতন ঘটানোর মতো সক্ষমতা নেই।

গতকাল বৃহস্পতিবার বিকেলে মাহবুব উল আলম হানিফ কুষ্টিয়ার নিজ বাসভবনে সাংবাদিকদের এসব কথা বলেন।

বিএনপি মহাসচিব মির্জা ফখরুলের সরকার পতন আন্দোলনের বক্তব্যের পরিপ্রেক্ষিতে তিনি এসব কথা বলেন।

করোনার ভ্যাকসিনের ব্যাপারে হানিফ বলেন, যেটা বাংলাদেশে এখনো আসেইনি তার মধ্যে লুটপাটের কথা বলা দায়িত্বশীলতার পরিচয় বহন করে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভ্যাকসিন সবার কাছে পৌঁছে দেওয়ার উদ্যোগ নিয়েছেন এবং সেটা হবে বিনামূল্যে।

যেখানে বিনামূল্যে দেওয়ার চেষ্টা চলছে সেখানে লুটপাটের প্রসঙ্গ অযৌক্তিক এবং অবান্তর বলে উল্লেখ করেন হানিফ।

এ সময় স্থানীয় আওয়ামী লীগের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গা পৌর নির্বাচনে

বিদ্রোহী প্রার্থী আওয়ামী লীগ নেতা

আলমডাঙ্গা পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন না পাওয়ায় বিদ্রোহী প্রার্থী হয়ে মনোনয়নপত্র জমা দিয়েছেন স্থানীয় পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুক।

গতকাল বৃহস্পতিবার বিকেলে আলমডাঙ্গা উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সহকারী রিটার্নিং কর্মকর্তা এম,এ,জি মোস্তফা ফেরদৌসের কাছে মনোনয়নপত্র জমা দেন তিনি।

সূত্রে জানা যায়, আলমডাঙ্গা পৌরসভা নির্বাচনে মেয়র পদে আওয়ামী লীগের মনোনয়ন পেতে আবেদন করেন মতিয়ার রহমান ফারুক। কিন্তু এখানে আওয়ামী লীগের দলীয় প্রার্থী মনোনীত হন উপজেলা আওয়ামী লীগ সভাপতি ও বর্তমান মেয়র হাসান কাদির গনু।

দলীয় মনোনয়ন না পাওয়ায় স্বতন্ত্র প্রার্থী হয়ে মনোনয়ন ফরম জমা দেন মতিয়ার রহমান ফারুক।

আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদির গনু মনোনয়ন পাওয়ার পর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুক মেনে নেননি দলীয় সিদ্ধান্ত। ফলে দলীয় সিদ্ধান্তের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেছেন ফারুক। হয়েছেন বিদ্রোহী প্রার্থী।

মনোনয়নপত্র জমা প্রদানের সময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আবু জিহাদ লাক্চু, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক আব্দুল লতিফ প্রধান, দপ্তর সম্পাদক মাসুদ সালেহীন উৎপল, দেখি বাংলার রূপ ও পৌর আওয়ামী লীগের কোষাধ্যক্ষ শরীফুল ইসলাম শাখা, শ্রম বিষয়ক সম্পাদক সাগর আহম্মেদ, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক নাসিম শেখ, প্রচার সম্পাদক মিজানুর রহমান, ৬ নং ওয়ার্ড যুবলীগ সভাপতি শুভ, যুবলীগ নেতা বাপ্পি, ছাত্রলীগ নেতা সৈকত, জীবন, অপু, অভি, সুইট, লিমন প্রমুখ।

শৈলকুপায় পুরুষ কাউন্সিলরদের ভোট স্থগিত

শৈলকুপায় নির্বাচনী সহিংসতায় প্রার্থীসহ ২ব্যক্তি নিহত হয়েছে বলে জানা গেছে। তার জের ধরে ৮নং ওয়ার্ডের পুরুষ কাউন্সিলরদের ভোট স্থগিত করেছে নির্বাচন কমিশন। এলাকায় অতিরিক্ত পুলিশ মতায়েন করা হয়েছে।

ভোট চাইতে গিয়ে ঝিনাইদহের শৈলকুপায় কাউন্সিলর প্রার্থী শওকত হোসেনের ভাই আওয়ামী লীগ নেতা লিয়াকত হোসেন ওরফে বল্টু (৫০) ছুরিকাঘাতে নিহত হয়েছে। নিহত বল্টু ১৩নং উমেদপুর ইউনিয়ন আ’লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ছিল। ঘটনাটি গত বুধবার রাত ৯টার দিকে পৌর এলাকার কবিরপুরের ভূইমালী পাড়াতে।

এলাকাবাসিরা জানান, ৮নং ওয়ার্ডের কাউন্সিলর প্রার্থী শওকত হোসেন ও তার ছোট ভাই আওয়ামী লীগ নেতা লিয়াকত হোসেন বল্টু পৌর এলাকার কবিরপুরের ভূইমালী পাড়াতে যান তার ভাই পক্ষে নির্বচনী প্রচারণা চালাতে।

এ সময় তার প্রতিদ্বন্দ্বী প্রার্থী পাঞ্জাবী মার্কার আলমগীর হোসেন বাবুর সমর্থকরা তাকে ছুরিকাঘাত করে পালিয়ে যায়। হামলায় বল্টুর ভাই কাউন্সিলর প্রার্থী শওকত হোসেন আহত হন।

হামলার পর গুরুতর আহত বল্টুকে উদ্ধার করে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু ঘটে। কাউন্সিলর প্রার্থী শওকত হোসেন জানান, আমার ভাইকে প্রতিদ্বন্দী প্রার্থী পাঞ্জাবী মার্কার আলমগীর হোসেন বাবুর সমর্থকরা তাকে ছুরিকাঘাতে হত্যা করেছে।

শৈলকুপা পৌর আওয়ামী লীগের সভাপতি নৌকা মার্কার মেয়র প্রার্থী জানান, নিহত লিয়াকত হোসেন ও তার বড় ভাই কাউন্সিলর প্রার্থী শওকত হোসেন আওয়ামী লীগ নেতা কর্মী।

শৈলকুপা থানার সেকেন্ড অফিসার আমিরুজ্জামান বলেন, ভোট চাওয়াকে কেন্দ্র করে বল্টু নামের এক আওয়ামী লীগ নেতা নিহত হয়েছে। এদিকে কাউন্সিলর প্রার্থীর ভাই নিহত হওয়ার ৫ ঘন্টা পর একই ওয়াডের কাউন্সিলর প্রার্থী আলমগির হোসেন বাবুর মরদেহ শৈলকুপার কুমার



নদের দেবতলা নামক স্থান থেকে পুলিশ অক্ষত অবস্থায় উদ্ধার করে মর্গে পাঠিয়েছে বলে জানান শৈলকুপা থানার সেকেন্ড অফিসার আমিরুজ্জামান।

নিহত কাউন্সিলর প্রার্থী আলমগির হোসেন বাবুর স্ত্রী ইতি খাতুন অভিযোগ করেন আমার স্বামীকে পরিকল্পিত ভাবে হত্যা করা হয়েছে। প্রার্থী মারা যাওয়ার কারণে ৮নং ওয়ার্ডের পুরুষ কাউন্সিলরদের ভোট স্থগিত করেছে নির্বাচন কমিশন বলে জানান, উপজেল সহকারী রিটারনিং অফিসার জুয়েল আহাম্মেদ। এব্যপারে শৈলকুপা থানা তদন্ত অফিসার মহসিন হোসেন জানান, এলাকায় ব্যাপক পুলিশ মতায়েন করা হয়েছে।

আলমডাঙ্গায় স্কুলছাত্রকে মারধরের ঘটনায় থানায় অভিযোগ: বাদীকে হুমকি

জমি সংক্রান্ত পূর্ব শত্রুতার জের ধরে স্কুল ছাত্রকে মারপিটের ঘটনায় থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। এদিকে অভিযোগ তুলে নিতে বাদীকে মারধর ও প্রাণ নাশের হুমকি দেওয়া হয়েছে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার খাদেমপুর রংপুর গ্রামের ইকরাম হকের ছেলে স্কুল পড়ুয়া রাব্বি হাসান ও স্বপন হোসেনের স্কুল পড়ুয়া ছেলে সোলায়মান হোসেন গত সোমবার সকাল ১১ টার দিকে রংপুর প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে খেলা করছিলো।

এ সময় সোলায়মান ও রাব্বির মধ্যে খেলাকে কেন্দ্র করে মারামারি হয়। এ সময়, সোলায়মান তার চাচা মহমদ আলির ছেলে সাইমকে ডেকে নিয়ে আসে।

সাইম এসে স্কুল ছাত্র রাব্বিকে গলা টিপে ও গাছের ডাল দিয়ে বেধড়ক মারপিট করে। মারপিটের ঘটনায় রাব্বি গুরুতর আহত হয়ে।

পরিবারের লোকজন রাব্বিকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।

এ ঘটনায় স্কুল ছাত্রের পিতা বাদি হয়ে গত বুধবার আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করেন। এদিকে, অভিযোগ তুলে নিতে রাব্বিকে গুম ও পরিবারের লোকজনকে প্রাণ নাশের হুমকি প্রদান করা হচ্ছে।

গাংনীর সাহারবাটিতে জমিজমা বিরোধে সংঘর্ষ, আহত ৩

গাংনীর সাহারবাটিতে জমিজমা সংক্রান্ত বিরোধে উভয় পক্ষের সংঘর্ষে মহিলাসহ তিনজন আহত হয়েছেন। আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

আহতরা হলেন- সাহারবাটি গ্রামের বিশিষ্ট ব্যবসায়ী আবুল হোসেন খোকনের ছেলে আরাফাত হোসেন শাহিন (৩৫), হুমাইয়ুনের ছেলে জুয়েল(২৫) ও বাবুর স্ত্রী পলিয়ারা খাতুন(৩৭)।

আহত আরাফাত হোসেন শাহিনের পরিবার জানান, চাইনিজ কুড়াল দিয়ে কুপিয়ে রক্তাক্ত জখম করেছে প্রতিপক্ষ জুয়েল ও তার লোকজন।

গতকাল বৃহস্পতিবার দুপুরে সাহারবাটি ফিল্ড পাড়ায় এ হামলার ঘটনা ঘটে। আহত শাহিনকে স্থানীয়রা রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেছেন।

শাহিনের পরিবারের অভিযোগ, জুয়েল হোসেন তাদের জমির সীমানা ঘেঁসে পানি পড়নের জায়গা না রেখেই বাড়ি নির্মাণ কাজ শুরু করে। এবিষয়ে তাদেরকে পানি পড়নের জায়গা রেখে বাড়ি নির্মাণ কাজ করতে বলা হয়। গতকাল বৃহস্পতিবার দুপুরে শাহিন তার সাহারবাটি চারচারা বাজারস্থ ব্যবসা প্রতিষ্ঠান থেকে মোটর সাইকেলে বাড়ি যাচ্ছিলেন।

এসময় সাহারবাটি ফিল্ড পাড়া গ্রামের হুমায়উনের ছেলে জুয়েল, সামছদ্দিনের ছেলে জাহাঙ্গীর ও রফিকুলসহ তার লোকজন পিছন দিক থেকে চাইনিজ কুড়াল দিয়ে মাথায় আঘাত করে।

এসময় আরাফাত হোসেন শাহিন মোটরসাইকেল থেকে মাটিতে লুটিয়ে পড়ে গেলেও লোহার রড দিয়ে শরীরের বিভন্ন স্থানে আঘাত করে। পরে শাহিনের চিৎকারে স্থানীয় লোকজন ছুটে আসলে হামলাকারীরা পালিয়ে যায়।

খবর পেয়ে শাহিনের পরিবারের লোকজন তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। জরুরী বিভাগের চিকিৎসক জানান, শাহিনের মাথায় আঘাতের কারনে প্রচুর রক্তক্ষরণ হয়েছে। অবস্থা দেখে পরবর্তী সিদ্ধান্ত নেয়া হবে।

এবিষয়ে জুয়েল ও তার লোকজনের সাথে কথা বলে জানা গেছে, জুয়েল তাদের নিজস্ব জমির ওপর বসতবাড়ি নির্মাণ করছিলেন। বাড়ি নির্মাণের কাজে বাঁধা দেয় শাহিন ও তার লোকজন। একপর্যায়ে শাহিন প্রথমে আমাদের মারধর শুরু করে। শুরু হয় উভয় পক্ষের মধ্যে সংর্ঘষ। এতে জুয়েল ও পলিয়ারা খাতুন আঘাতপ্রাপ্ত হন। স্থানীয়রা তাদের উদ্ধার করে
গাংনী স্বাস্থ্যকমপ্লেক্সে চিকিৎসার জন্য ভর্তি করা হয়েছে।

গাংনী থানার অফিসার ইনচার্জ বজলুর রহমান বলেন, বিষয়টি জানতে পেরে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। লিখিত অভিযোগ পেলে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

কুমারখালীতে সড়ক দুর্ঘটনায় নিহত ১

কুষ্টিয়ার কুমারখালীতে মালবাহী ট্রাকের ধাক্কায় মহিলা ভ্যানযাত্রী নিহত ও ভ্যানচালক মারাত্মক আহত হয়েছে।

বৃহস্পতিবার সকালে কুষ্টিয়া -রাজবাড়ী আঞ্চলিক মহাসড়কের খয়েরচারা মাঠপাড়া ডা. রশিদের ইট ভাটার সামনে এই ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, সকালে কুমারখালী মুখী ইঞ্জিনচালিত ভ্যানে সুলতানপুর গ্রামের মৃত আকমল হোসেনের স্ত্রী কুটি (৫৫)

তার নাতি ছেলে রিয়াদ (৭)কে স্কুলে নিয়ে যাবার সময় পিছন থেকে মালবাহী ট্রাক (ঢাকা-মেট্র-ট- ১৮-১০৫২) ধাক্কা দিলে ভ্যানচালক সহ তিনজনই রোডের উপর ছিটকে পড়েন।

তাদেরকে কুমারখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক মহিলা যাত্রী কুটিকে মৃত ঘোষনা করেন। এবং ভ্যানচালক মুরাদের (৫০) অবস্থা আশংকাজনক হওয়া তাকে কুষ্টিয়া সদর হাসপাতালে প্রেরণ করা হয়। এবং নাতি ছেলে রিয়াদের মাথায় দুটি সেলাই দেয়া হয়েছে সে আশংকামুক্ত।

এ বিষয়ে কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মজিবুর রহমান জানান মালবাহী ট্রাক পিছন থেকে ধাক্কা দেয়ায় সড়কের উপর ছিটকে পড়ে মহিলা যাত্রী মারা গেছেন। ট্রাক ড্রাইভার পালিয়েছে। এবং জব্দকৃত ট্রাক সড়ক ও জনপদ বিভাগের পুলিশের হেফাজতে নেয়া হয়েছে।

স্বাধীনতা সড়ক বাস্তবায়িত হলে বাংলাদেশ-ভারত সম্পর্ক আরও সুদৃঢ় হবে-মুজিবনগরে এলজিআরডি মন্ত্রী

এম এফ রুপক/ শাকিল রেজাঃ
ভারত থেকে যে পথ দিয়ে জাতীয় চার নেতা মেহেরপুরের ঐতিহাসিক মুজিবনগরে এসে শপথ নিয়েছিলেন সেটি ‘স্বাধীনতা সড়কে রূপান্তরিত হচ্ছে। স্বাধীনতা সড়ক বাস্তবায়িত হলে বাংলাদেশ ও ভারতের মানুষের যাতায়াতের ব্যবস্থা সহজ হবে। পারস্পরিক সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক আরও সুদৃঢ় হবে। মুক্তিযুদ্ধের স্মৃতি স্মারক হিসেবে সড়কটি আবারও মানুষের পদচারণায় মুখরিত হবে।

বৃহস্পতিবার স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী তাজুল ইসলাম এমপি মুজিবনগরে স্বাধীনতা সড়ক পরিদর্শনকালে একথা বলেন।

এছাড়াও তিনি বলেন, এই সড়কের ফলে একদিকে যেমন দু-দেশের সম্পর্ক সুদৃঢ় হবে অন্যদিকে এলাকার ব্যাপক উন্নয়ন হবে। মুজিবনগর পর্যটন কেন্দ্র হিসেবে আরও সমৃদ্ধ হবে।

মেয়র তাপস ও সাইদ খোকনের মধ্যে সম্প্রতি যে বাকবিতন্দা চলছে এ বিষয়ে তিনি সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে বলেন, সকল শ্রেনী পেশার মানুষের মধ্যে মত পার্থক্য থাকতেই পারে। এই মত পার্থক্য প্রকাশ্যে আলোচনা হয়েছে, কথা কাটাকাটি হয়েছে। এটি সাময়িক ভুল বোঝাবুঝি। আওয়ামীলীগের জন্য এটি অকল্যানকর কিছু না।

এলজিআরডি মন্ত্রী তাজুল ইসলামের সফর সঙ্গি হিসেবে ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন।

চেকপোষ্টের বিষয়ে তিনি বলেন, শুক্রবার ১৫ জানুয়ারি স্বরাষ্ট্র মন্ত্রনালয় থেকে পরিদর্শনে আসবে। খুব দ্রুত চেকপোষ্টের কাজও শুরু হবে। কবে নাগাদ মুজিবনগর পর্যটন কেন্দ্রের নতুন নকশার কাজ শুরু হবে, এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, সব চেয়ে বড় স্থাপনা হবে আমদের এই মুজিবনগরে। এই স্থাপনাটি তৈরি করছি আমরা সময় দিয়ে অত্যন্ত গুরেুত্বসহকারে।

মাননীয় মুক্তিযোদ্ধা মন্ত্রী মহদয়কে নিয়ে সর্বশেষ একটি মিটিং করেছি। আশা করছি আগামী অর্থ বছর থেকে মুজিবনগর পর্যটন কেন্দ্রের নতুন নকশার কাজ শুরু করতে পারবো।
এর আগে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম এমপি এবং জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি হেলিকপ্টারযোগে মুজিবনগরে পৌছান। এর পর পর্যটন মোটেলে গার্ড অব অনার শেষে তিনি মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার এস এম মুরাদ আলী, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক প্রমুখ।

এইচএসসি পাসে ৪০০ জনকে চাকরি দিচ্ছে এলজিইডি

স্থানীয় সরকার প্রকৌশল অধিদফতরে (এলজিইডি) ‘কার্যসহকারী’ পদে ৪০০ জনকে নিয়োগ দেওয়া হবে। আগ্রহীরা আগামী ৩১ জানুয়ারি পর্যন্ত আবেদন করতে পারবেন।

প্রতিষ্ঠানের নাম: স্থানীয় সরকার প্রকৌশল অধিদফতর (এলজিইডি)

পদের নাম: কার্যসহকারী
পদসংখ্যা: ৪০০ জন
শিক্ষাগত যোগ্যতা: এইচএসসি/সমমান
বেতন: ৯,৩০০-২২,৪৯০ টাকা

চাকরির ধরন: স্থায়ী
প্রার্থীর ধরন: নারী-পুরুষ
কর্মস্থল: যেকোনো স্থান

বয়স: ৩১ জানুয়ারি ২০২১ তারিখে ১৮-৩০ বছর। বিশেষ ক্ষেত্রে ৩২ বছর

আবেদনের নিয়ম: আগ্রহীরা lged.teletalk.com.bd এর মাধ্যমে আবেদন করতে পারবেন। আবেদনের সঙ্গে ৩০০-৩০০ সাইজের ছবি ও ৩০০-৮০ সাইজের স্বাক্ষর স্ক্যান করে যুক্ত করতে হবে।

আবেদন ফি: টেলিটক সিমের মাধ্যমে ১১২ টাকা ৭২ ঘণ্টার মধ্যে পাঠাতে হবে।

আবেদনের শেষ সময়: ৩১ জানুয়ারি ২০২১ তারিখ বিকেল ০৫টা পর্যন্ত আবেদন করতে পারবেন।

সূত্র: জাগোজবস ডটকম

ইনফিনিক্স নিয়ে এলো ‘স্মার্ট ৫’

স্মার্টফোন ব্র্যান্ড ইনফিনিক্স এবার ‘স্মার্ট ৫’ নিয়ে এসেছে। ৫০০০ এমএএইচ ব্যাটারি লাইফ, ৬.৬ ইঞ্চি এইচডি + ওয়াটার-ড্রপ স্ক্রিন এবং ডুয়েল ফ্ল্যাশসহ ৮ এমপি সেলফি ক্যামেরার ইনফিনিক্সের নতুন ডিভাইসের ৩ জিবি + ৬৪ জিবি সংস্করণটি ৯ হাজার ৪৯০ টাকায় পাওয়া যাবে।

বিশাল ৫০০০ এমএএইচ ব্যাটারি লাইফ ৪ দিনের পর্যন্ত স্থায়ী হতে পারে এবং এর ইন্টলিজেন্ট পাওয়ার-সেভিং প্রযুক্তি আপনাকে চিন্তা ছাড়াই সারাদিন বিনোদন উপভোগের সুযোগ দিবে। ৬.৬ ইঞ্চির এইচডি+ ওয়াইডস্ক্রিন স্বচ্ছ ও ওয়াইড স্ক্রিনের মোবাইল ব্যবহারে আরও ভাল অভিজ্ঞতা এনে দিবে। এ ছাড়াও ৫০০ নিটস সানলাইট ডিসপ্লের কারণে সব ধরণের সূর্যালোকে মোবাইলের স্ক্রিন স্বাচ্ছন্দ্যে দেখা যাবে।

মোবাইলটির ৮-মেগাপিক্সেলের ফ্রন্ট ক্যামেরা দিয়ে নিখুঁত ছবি তোলার জন্য এতে অটোমেটিক রিটাচিং ফিচার যুক্ত করা হয়েছে। এতে থাকা সেলফি ফোকাস এবং ডুয়েল ফ্ল্যাশ ছাড়াও জেন্টেল ব্লার করার সুযোগ রয়েছে।

এছাড়াও এতে থাকা নতুন বিউটিফাইড অ্যালগরিদমের কারণে প্রতিবার সেরা সেলফি তোলা যাবে। থ্রিডি ফেস-এর কারণে এ ডিভাইসটি দিয়ে তোলা সেলফিগুলো আরও ন্যাচারাল ও ইউনিক দেখাবে। এতে স্টাইল কাস্টমাইজ করার ক্ষেত্রে আরও ইন্টিলিজেন্ট কিছু ফিচার পাওয়া যাবে। ইনফিনিক্স স্মার্ট ৫ এ রিয়ার ক্যামেরা অংশে থাকা ১৩ এমপি ট্রিপল ক্যামেরা দিয়ে সূর্যের আলো কম বা বেশি নির্বিশেষে আপনি সর্বদা স্পষ্ট, উজ্জ্বল এবং অধিকতর সুন্দর ছবি তোলার সুযোগ দিবে।

ইনফিনিক্স ‘স্মার্ট ৫’ মডেলের নতুন এই ডিভাইসটি বাংলাদেশের বাজারে এনেছে গ্রাহকদের কথা মাথায় রেখে। নতুন এই স্মার্টফোনটি বাজেটবান্ধব এবং সেরা পারফরম্যান্স ফোন। ইনফিনিক্স স্মার্ট ৫ তিনটি- মিডনাইট ব্ল্যাক, ওশান ওয়েভ এবং কোয়েটজাল সায়ান রঙে পাওয়া যাচ্ছে।

ধোনির ব্যবসায় ধস, মেরে ফেলা হচ্ছে আড়াই হাজার মুরগি!

ভারতীয় জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক মহেন্দ্র সিং ধোনির মুরগির ব্যবসা বেশ ভালোই চলছিল। কিন্তু এই করোনার মহামারীতে বার্ড ফ্লু ছড়িয়েছে ভারতের বিভিন্ন রাজ্যে। তাই হঠাৎ করেই মুরগির অর্ডার বাতিল করে দিয়েছেন ধোনি। একজন মুরগি ব্যবসায়ী হিসেবে বেশ শঙ্কায়ও রয়েছেন তিনি।

ধোনির পোলট্রি ফার্মে কড়কনাথ মোরগ ও মুরগি প্রতিপালন করছেন। কিন্তু যেখান থেকে ধোনি কড়কনাথ মুরগির ছানা কিনেছিলেন সেখানে বার্ড ফ্লু ইতিমধ্যেই ছড়িয়ে পড়েছে। এর ফলে এমন আশঙ্কা করা হচ্ছে যে, ধোনির ফার্মের অন্তত আড়াই হাজার কড়কনাথ মুরগিকে মেরে ফেলা হতে পারে।

কড়কনাথ মুরগিতে প্রচুর পরিমাণে মাংস পাওয়া যায়। সবচেয়ে দামি মুরগির ডিমও এই কড়কনাথের। কড়কনাথ প্রজাতির মুরগি যেগুলো ডিম দেয়, সেগুলোর দাম বাজারে ৩ থেকে ৪ হাজার রুপি। যদি মুরগির ছানা থেকে মুরগি তৈরি করা হয় তাহলে ৬-৭ মাসে সেটা ডিম দেওয়ার মতো তৈরি হয়ে যায়।

ভারতে কড়কনাথ মুরগির ছানার দাম ৮০ থেকে ১০০ রুপি হয়। কোটা, রাজস্থানে কড়কনাথ মুরগির ব্যবসায়ীর মতে বাজারে এই মুরগির মাংস ও ডিমের চাহিদা বেশি। তুলনায় যোগানও কম। তাই এই মুরগির কোনো ফিক্সড রেট নেই। বাজারে এখন একটি কড়কনাথ মুরগির ডিমের দাম ২০ থেকে ৩০ রুপি।